অস্ট্রেলিয়ায় স্বেচ্ছাসেবী কর্মকাণ্ডে স্বীকৃতি পেলেন মেহেরপুরের মাসুম বিল্লাহ

অস্ট্রেলিয়ার নর্দান টেরিটরিতে স্বেচ্ছাসেবী ও সামাজিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে “নর্দান টেরিটরি ভলান্টিয়ার অব দ্য ইয়ার অ্যাওয়ার্ডস-২০২৬”-এ “চিফ মিনিস্টার’স ভলান্টিয়ার অব দ্য ইয়ার – সেন্ট্রাল অস্ট্রেলিয়া” ক্যাটাগরিতে মনোনীত হয়েছেন প্রবাসী বাংলাদেশি সমাজকর্মী মাসুম বিল্লাহ।

ভলান্টিয়ারিং এনটি এবং নর্দান টেরিটরি সরকারের উদ্যোগে এই সম্মানজনক মনোনয়নের ঘোষণা দেওয়া হয়। সামাজিক ও মানবিক কাজে দীর্ঘদিনের সম্পৃক্ততা, নেতৃত্ব এবং কমিউনিটির উন্নয়নে নিরলস ভূমিকার জন্য তাকে এই স্বীকৃতি প্রদান করা হয়েছে।

মাসুম বিল্লাহ সাংবাদিকতা, ব্যবসা, টকশো উপস্থাপনাসহ বিভিন্ন সামাজিক ও মানবিক কর্মকাণ্ডের সঙ্গে সক্রিয়ভাবে জড়িত। প্রবাসী বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন উদ্যোগে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। এছাড়াও অসহায় মানুষের পাশে দাঁড়ানো, কমিউনিটি উন্নয়ন এবং স্বেচ্ছাসেবামূলক কার্যক্রমে তার অবদান বিভিন্ন মহলে প্রশংসিত হয়েছে।

এর আগেও তিনি অস্ট্রেলিয়ার ইমিগ্রেশন মন্ত্রী টনি বার্ক এমপির কাছ থেকে “কোভিড হিরো অ্যাওয়ার্ড” অর্জন করেন। করোনাকালে কমিউনিটির মানুষের পাশে দাঁড়িয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য তিনি এই সম্মাননা লাভ করেন।

মনোনয়ন প্রসঙ্গে মাসুম বিল্লাহ বলেন, “এই স্বীকৃতি আমার জন্য অত্যন্ত গর্ব ও সম্মানের। আমি কৃতজ্ঞ ভলান্টিয়ারিং এনটি, নর্দান টেরিটরি সরকার এবং সকল মানুষের প্রতি, যারা আমাকে সবসময় অনুপ্রেরণা ও সহযোগিতা করেছেন। এই অর্জন শুধু আমার একার নয়, এটি পুরো কমিউনিটির।”

তিনি আরও বলেন, ভবিষ্যতেও আরও বেশি নিষ্ঠা ও দায়িত্ববোধ নিয়ে সামাজিক, মানবিক ও কমিউনিটি উন্নয়নের কাজে নিজেকে নিয়োজিত রাখতে

চান।

মাসুম বিল্লাহর এই অর্জনে প্রবাসী বাংলাদেশি কমিউনিটিসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ তাকে অভিনন্দন জানিয়েছেন।

মেহেরপুরে স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে চেক বিতরণ

মেহেরপুরে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে অনুদানের চেক বিতরণ করেছে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ থেকে নিবন্ধিত ২০ টি সংগঠন ও ৩ জন অসহায় দুঃস্থের মাঝে এই চেক বিতরণ করা হয়।

সোমবার সকাল সাড়ে ১০ টার সময় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ আব্দুল সালাম চেক বিতরণ করেন। প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, মেহেরপুরে বাল্যবিবাহ, আত্মহত্যার প্রবনতা বেশি। স্বেচ্ছাসেবী সংগঠনকে এসকল সমস্যাগুলি নিয়ে সামাজিক সচেতনতা কর্মসুচি করার জন্য আহ্বান জানান । তিনি বলেন, আমাদের কর্মকান্ডসমুহ যদি সমাজে কোন উপকারে না আসে, তাহলে এটি ফলপ্রসু হবেনা। তিনি সংগঠনসমুহকে অনুরোধ করেন, সমাজে ভাল কাজ করার জন্য। ভাল কাজের জন্য আমরা তাদের পুরস্কৃত করবো।

অনুষ্ঠানের সভাপতি জেলা সমাজসেবা অফিসার আশাদুল ইসলাম স্বেচ্ছাসেবী সংস্থাসমুহকে উল্লেখিত কর্মসুচি পালনের জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। জেলা সমাজসেবা নিবন্ধন কর্মকর্তা কাজী মনসুরের সঞ্চালনায় অনুষ্ঠানে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনসমুহ তাদের কর্মকান্ড তুলে ধরেন। অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন মেহেরপুর শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ, উপজেলা সমাজসেবা অফিসার আনিছুর রহমান।